

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-টিএসসি/মামলা/১৭৩৭/০৭/

তারিখ : /০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরায়ী মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজের (পূর্বতন কর্মস্থল বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ) সহকারী-কাম-স্টোরিকিপার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর বিরুদ্ধে আরোপিত দণ্ড প্রত্যাহার এবং বকেয়া বেতন-ভাতা প্রদানের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-৩৭.০০.০০০০.০৩১.০২.১১.১৩-৬২৭, তারিখ : ০৬/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরায়ী মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজের (পূর্বতন কর্মস্থল বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ) সহকারী-কাম-স্টোরিকিপার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন-কে ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালার দণ্ডবিধি ৪(২)(ই) ধারা মোতাবেক গত ৩১/০৫/২০০৬ খ্রিঃ তারিখে ভিটি/২৭৬/৮১/বেগমগঞ্জ/কর্ম/১২০৪(৭) স্মারকমূলে তৃতীয় টাইমস্কেল ৩৫০০-৭৫০০/- টাকা হতে নিম্ন স্কেলে ৩৩০০-৬৯৪০/- মূল বেতন ৩৩০০/-টাকায় নামিয়ে দেয়া হয়। এ আদেশ পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য (০১/০৬/২০০৬-৩১/০৫/২০০৯ পর্যন্ত) বলবৎ রাখা হয়। এ সময় তিনি কোন বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হবেন না-মর্মে আদেশ দেয়া হয়েছিল।

- ২। জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন সংস্কৃত হয়ে উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রামে এটি মামলা নং-৩৮/২০০৬ দায়ের করেন। বিজ্ঞ আদালতের গত ০২/১১/২০১০ খ্রিঃ তারিখে ঘোষিত রায় তাঁর পক্ষে যায়। পরবর্তীতে উক্ত রায়ের বিরুদ্ধে প্রশাসনিক আপিল আদালত ঢাকার আপিল নং-১৭৫/২০১৪ মামলাটি বিজ্ঞ আদালত খারিজ করে পূর্বের রায় বাস্তবায়নের আদেশ প্রদান করেন। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় বিজ্ঞ আদালতের রায় বাস্তবায়নে নির্দেশনা দিয়েছেন।
- ৩। উক্ত মামলার রায় অনুযায়ী মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজের (পূর্বতন কর্মস্থল বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ) সহকারী-কাম-স্টোরিকিপার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর বিরুদ্ধে আরোপিত দণ্ড প্রত্যাহার করা হলো এবং তাঁর বকেয়া বেতন-ভাতা প্রদানের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।
- ৪। বর্ণিত আদেশটি তাঁর চাকরি বহিতে লিপিবদ্ধ করতে হবে।
- ৫। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ
মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ
মাগুরা।

স্মারক নং-টিএসসি/মামলা/১৭৩৭/০৭/ ১২৬৭ (১)

তারিখ : ৭/০৯/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। রেজিস্ট্রার, প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রাম।
- ৬। অধ্যক্ষ, বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, নোয়াখালী (রায় বাস্তবায়নের বিষয়টি বিজ্ঞ আদালতের সদয় দৃষ্টিতে নেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। ওজলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুরা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৯। আইন কর্মকর্তা, আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১০। জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, সহকারী-কাম-স্টোরিকিপার, মাগুরা টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ১১। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক

ফোন-৮১৮১২৩০